

শিক্ষা প্রতিষ্ঠানে মাদকবিরোধী কমিটি

শিক্ষার্থীদের মধ্যে ক্রমাগত মাদক গ্রহণের প্রবণতা বৃদ্ধি পাওয়ার কারণে সরকার ২০০৯ সালে প্রথম শিক্ষা প্রতিষ্ঠানে ৫ হাজার ৭শ'৭৯টি কমিটি গঠন করে। ৫ সদস্য বিশিষ্ট কমিটির কাঠামো নিম্নরূপ :

ক্রমিক	পদবী	কমিটির পদবী
১	প্রধান শিক্ষক	সভাপতি
২	শিক্ষক প্রতিনিধি-১জন	সদস্য
৩	অভিভাবক প্রতিনিধি-১জন	সদস্য
৪	শিক্ষার্থী প্রতিনিধি-১জন	সদস্য
৫	শারীরিক শিক্ষা/ধর্মীয় শিক্ষক -১জন	সদস্য সচিব

এ কমিটি সাধারণত প্রত্যেক মাসের শেষ দিকে একবার সভার আয়োজন করে থাকে। সভায় মাদক গ্রহণ থেকে বিরত থাকার জন্য এর অধিকার দিক নিয়ে আলোচনা করা হয়।

পাশাপাশি এসব কমিটি সংশ্লিষ্ট জেলা প্রশাসনের সহায়তায় মাদকের ভয়াবহ দিক তুলে ধরার জন্য বৃহৎ আকারে আলোচনা সভার আয়োজন করে। এসব সভায় শিক্ষার্থীদের মধ্যে মাদক বিরোধী পোস্টার,লিফলেট,সুভেনির,বুলেটিন,ব্রসিয়ার ও বুকলেট বিতরণ করা হয়।